# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২৭৫) জাতীঃবিঃ/এন ইউ অন-ক্যাম্পাস অনার্স প্রোগ্রাম/২০২৩/২৭৯৭ তারিখ: ২০/০৭/২০২৩ খ্রি.

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে (গাজীপুর) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রোগ্রামে
# ভর্তি বিজ্ঞপ্তি
## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর মূল ক্যাম্পাসে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ **স্নাতক (সম্মান)** প্রোগ্রাম/ বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ২৭ জুলাই ২০২৩ থেকে ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ০৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

**১। স্নাতক (সম্মান) প্রোগ্রাম/বিষয়সমূহ**

| | | |
|---|---|---|
| ১। | এল.এল.বি | গাজীপুর মূল ক্যাম্পাসে পরিচালিত হবে |
| ২। | বি.বি.এ | |
| ৩। | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | |
| ৪। | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | |

**২। আবেদনের সাধারণ যোগ্যতা**

ক) মানবিক শাখা থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বিজ্ঞান শাখা থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৮.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শাখার শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঙ) ২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইলে (nuoncampushonoursprogram@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

চ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (nuoncampushonoursprogram@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপণের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ছ) ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ বা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত কোন শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রাম/বিষয়ে ভর্তির জন্য নির্বাচিত হলে, উক্ত ভর্তি বাতিল করে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রাম/বিষয়ে ভর্তি হতে পারবে। **একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

**৩। স্নাতক (সম্মান) প্রোগ্রাম/বিষয় নির্বাচন সম্পর্কিত যোগ্যতা**

| ক্রমিক | ভর্তিচ্ছু প্রোগ্রাম/ বিষয় | নিম্নের বিষয়/বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১। | এল.এল.বি | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরেও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে ৩য় মেধা তালিকার ফলাফল প্রকাশ করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২। | বি.বি.এ | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। পদার্থ বিজ্ঞান (Physics) | ব্যবসায় শিক্ষা শাখা → ৮০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>মানবিক শাখা → ১০%<br>▶ ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে ৩য় মেধা তালিকার ফলাফল প্রকাশ করা হবে। |
| ৩। | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production Management & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। পদার্থ বিজ্ঞান (Physics)<br>৯। সমাজবিজ্ঞান (Sociology)<br>১০। সমাজকল্যাণ (Social Welfare)<br>১১। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>১২। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science) | ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>মানবিক শাখা → ১৫%<br>▶ ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে ৩য় মেধা তালিকার ফলাফল প্রকাশ করা হবে। |
| ৪। | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | ১। জীব বিজ্ঞান (Biology)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। পদার্থ বিজ্ঞান (Physics )<br>৪। উচ্চতর গণিত (Higher Mathematics) | বিজ্ঞান শাখা → ১০০% |

**৪। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** এর **Honours Tab** এ গিয়ে **Apply Now (NU On-Campus Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে উক্ত শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে।

গ) প্রাথমিক তথ্য প্রদানের পর আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** প্রোগ্রাম/বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত প্রোগ্রাম/বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীর এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে প্রোগ্রাম/বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50 KB**. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **A4** সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip অপশন** থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)** অথবা পে-স্লিপ ডাউনলোড করে সোনালী সেবার পে-স্লিপ Print করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ছ) কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে **On-Campus Honours** অপশনে রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবেন। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফর্ম পূরণ ও ছবি আপলোড করতে পারবেন। তবে কোন প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)** অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর ফরম বাতিল করতে পারবেন না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবেন।

জ) **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/তথ্য ভুল অথবা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**৫। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড**

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে আবেদনকারীকে তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login (NU On-Campus Honours Login)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফি পরিশোধ করা না হলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

**নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন**

অনলাইনে আবেদন করুন ⟶ পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন ⟶ অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন ⟶ পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিন । পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং **Applicant Login (NU On-Campus Honours Login)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

**৬। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন**

| কোটার প্রকৃতি | একটি বিষয়ে সর্বোচ্চ ০৮ (আট) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (বিষয়ভিত্তিক আসন বন্টন) | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | |
| পোষ্য | ০৩ টি | আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য কোটার প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। |
| মোট | ০৮ টি | |

**উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।**

**৭। মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি ও প্রোগ্রাম/বিষয় বন্টন**

ক) আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রাম/বিষয়ে ভর্তির জন্য নির্বাচিতদের মেধা তালিকা প্রণয়ন করা হবে।

খ) একই প্রোগ্রাম/বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর **i)** ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% **ii)** প্রয়োজন হলে ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% নিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে **iii)** এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাকম প্রণয়ন করা হবে।

গ) মুক্তিযোদ্ধা/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে ঐ শিক্ষার্থীকে পুনরায় কোটার মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

ঘ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে মেধা তালিকা, **শূন্য আসন সাপেক্ষে ২য়/৩য় মেধা তালিকা ও কোটার মেধা** তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

**৮। ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি**

**ধাপ-ক**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ১ |
| ১১২ | ৫ | ৪.৮ | ২+২.৮৮=৪.৮৮ | ২ |

**ধাপ-খ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বর এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বর এর ৬০% | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮১০ | ৩২৮+৪৮৬=৮১৪ | ২ |

**ধাপ-গ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট=SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট=SSC তে প্রাপ্ত নম্বর এর ৪০% +HSC তে প্রাপ্ত নম্বর এর ৬০% | আবেদনকারীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর ২ মাস | ২ |

**৯। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য**

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে **NU On-Campus Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত প্রোগ্রাম/বিষয় ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার প্রোগ্রাম/বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। তবে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংগ্রহ | সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম ও পে-স্লিপ ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ভর্তি ফরম ও পে-স্লিপ ডাউনলোড করে দুই কপি A4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে ভর্তি ফি বাবদ ৫,০৩৫/- (পাঁচ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দিতে হবে। |
| সংশ্লিষ্ট বিভাগে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত চূড়ান্ত ভর্তি ফরমের কপি ও ভর্তি ফি বাবদ ৫,০৩৫/- (পাঁচ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দেওয়ার পে-স্লিপ/প্রমাণপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। |

| | |
|---|---|
| প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয় | ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রোগ্রাম/বিষয় পছন্দক্রম অনুযায়ী প্রোগ্রাম/বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধাক্রম অনুযায়ী প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের ফলাফল প্রকাশ করা হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/SMS এর মাধ্যমে তা শিক্ষার্থীদের জানিয়ে দেয়া হবে। শিক্ষার্থীর প্রোগ্রাম/বিষয় পরিবর্তন হলে ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে প্রোগ্রাম/বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর প্রোগ্রাম/বিষয় পরিবর্তন হলে তার পূর্বের প্রোগ্রাম/বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত প্রোগ্রাম/বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর প্রোগ্রাম/বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের প্রোগ্রাম/বিষয়ে ভর্তি বহাল থাকবে। |
| কোটার ফলাফল | ২য়/৩য় মেধা তালিকার পরে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। |

**১০। প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি**

| | | |
|---|---|---|
| ক. | ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | ২০/০৭/২০২৩ |
| খ. | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ | ২৭/০৭/২০২৩ থেকে ০৫/০৯/২০২৩ |
| গ. | প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ<br>আবেদনকারীকে ৫০০ (পাঁচশত) টাকা আবেদন ফি জমা দিতে হবে। (Pay Slip এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 02181100002701 উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে) | ২৮/০৭/২০২৩ থেকে ০৮/০৯/২০২৩ |
| ঘ. | মেধাতালিকা প্রকাশ | বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে |
| ঙ. | ক্লাশ শুরুর তারিখ :<br>(গাজীপুর মূল ক্যাম্পাসে পাঠদান কার্যক্রম পরিচালিত হবে।) | ২৫/০৯/২০২৩ |

**১১। প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত ফি**

| | ভর্তি সংক্রান্ত ফি | |
|---|---|---|
| **ক্রম** | **খাত** | **নির্ধারিত ফি (টাকা)** |
| ক. | ভর্তি ফি | ১,০০০.০০ |
| খ. | রেজিস্ট্রেশন ফি | ১,০০০.০০ |
| গ. | লাইব্রেরি জামানত ফি (ফেরতযোগ্য) | ৩,০০০.০০ |
| ঘ. | ক্রীড়া ও সংস্কৃতি ফি | ২০.০০ |
| ঙ. | বিএনসিসি ফি | ৫.০০ |
| চ. | রোভার স্কাউট ফি | ১০.০০ |
| **মোট** | | **৫,০৩৫.০০<br>(পাঁচ হাজার পঁয়ত্রিশ টাকা)** |

**বি. দ্র. এই ভর্তি বিজ্ঞপ্তির যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

২০.০৭.২০২৩

**(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)**
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল: nuoncampushonoursprogram@gmail.com
মোবাইল: ০১৭৭৭-৭৮৯০৪১ (WhatsApp)
০১৮১৫-০১৭৬৬১

স্মারক নং-১০(২৭৫) জাতীঃবিঃ/এন ইউ অন-ক্যাম্পাস অনার্স প্রোগ্রাম/২০২৩/২৭৯৭ তারিখ: ২০/০৭/২০২৩ খ্রি.

**অনুলিপি:**
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। অফিস কপি।